The Daily Star

তারিখ ...09. NOV. 2015...
পৃষ্ঠা ...১৬... কলাম ...১...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য শিক্ষক নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা সম্পন্ন হয়ে মৌখিক পরীক্ষা শুরু হয়েছে। কিন্তু বিভিন্ন স্থান থেকে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, এক শ্রেণীর প্রতারক চক্র প্রতারণা করে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক পদে অর্থের বিনিময়ে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে অর্থ হাতিয়ে নিচ্ছে বা নেয়ার চেষ্টা করছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলাফল ডিজিটাল পদ্ধতিতে একটি স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হয়। নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি ও নীতিমালা অনুসরণপূর্বক লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর স্বয়ংক্রিয় পদ্ধতিতে যোগ করে উপজেলাওয়ারী শূন্য পদের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী নিয়োগ প্রদান করা হয়ে থাকে। এক্ষেত্রে অর্থ বা তদবিরের বিনিময়ে চাকুরী দেয়ার সামান্যতম কোন সুযোগ নেই। ফলে এ জাতীয় প্রতারকদের প্রলোভনে না পড়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

জিডি-৩৫২২

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর